গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
প্লট- ৫/ এ, সেক্টর- ৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
www.bpi.gov.bd

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর সর্বশেষ পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | খেনচান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭/০৬/২০২৪ |
| সভার সময় | বিকাল ০২ঃ৩০ ঘটিকা |
| স্থান | বিপিআই সভাকক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি-ক (উপস্থিতি তালিকা) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং. | বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | **জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ জনসম্পদ তৈরী সংক্রান্তঃ**<br>২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন কর্মসম্পাদন ক্ষেত্রের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ ও কর্মশালা বিষয়ে সভায় আলোচনা হয়। জুন, ২০২৪ পর্যন্ত ২৪টি প্রশিক্ষণের মাধ্যমে মোট ৬০১ জন প্রশিক্ষণার্থী কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১টি বুনিয়াদি প্রশিক্ষণে ২৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | বার্ষিক প্রশিক্ষণ সূচি অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের প্রমাণক প্রস্তুতি ও প্রেরণ সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) |
| ২. | **জ্বালানি খাতে গবেষণা ও উন্নয়ন সংক্রান্তঃ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণার অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, "Design and Construction of Remotely Operated Vehicle (ROV) for Oil and gas Industry in Bangladesh: Implementation of Artificial Intelligence (AI) and Machine Learning (ML)" রিপোর্ট প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। | যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত নির্ধারিত বিষয়ে গবেষণার প্রমাণক প্রস্তুতি ও প্রেরণ সম্পন্ন করতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা অধিশাখা) |
| ৩. | **বিপিআই এর কার্যক্রম উন্নয়ন সংক্রান্তঃ**<br>সভায় প্রশিক্ষণ সম্পর্কিত প্রচারণা ও সরেজমিনে ফিডব্যাক গ্রহণ সম্পর্কে এবং পরিদর্শনের ফিডব্যাক অনুযায়ী গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে জুন, ২০২৪ মাসের মধ্যে ৫টি প্রতিষ্ঠানে প্রচারণা কার্যক্রম পরিচালনা করে ফিডব্যাক গ্রহণ করা হয়েছে। উক্ত ফিডব্যাক হতে প্রাপ্ত সুপারিশসমূহ যথাসম্ভব বাস্তবায়ন করা হয়েছে। | ফিডব্যাক অনুযায়ী গৃহীত পদক্ষেপ যথাসময়ে বাস্তবায়নের প্রমাণক সুষ্ঠুভাবে প্রস্তুত ও প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। সহকারী পরিচালক (ভাণ্ডার শাখা)। |

| | | | |
|---|---|---|---|
| ৪. | **স্মার্ট বাংলাদেশে জ্বালানি ও খনিজ সম্পদের যোগান ও ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা সম্পর্কিত সেমিনার/কর্মশালা সংক্রান্তঃ**<br>সভায় উক্ত বিষয়ে আলোচনা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, ২ মে, ২০২৪ এবং ২১ মে, ২০২৪ সময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠান এবং বিপিআই এর স্টেকহোল্ডারদের সমন্বয়ে ২টি সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়েছে। | যথাসময়ে বাস্তবায়নের প্রমাণক সুষ্ঠুভাবে প্রস্তুত ও প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) |
| ৫. | **সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণঃ**<br>সভায় সুশাসন ও সংস্কারমূলক ৫টি কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তারা সুশাসন ও সংস্কারমূলক ৫টি কার্যক্রমের অগ্রগতি সভায় তুলে ধরেন এবং অবশিষ্ট সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন যথাসময়ে সম্পন্ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উক্ত কার্যক্রমসমূহের প্রমাণক সুষ্ঠুভাবে প্রস্তুত ও প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>৩। উপ-পরিচালক (সাধারণ প্রশাসন অধিশাখা)<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>৫। সহকারী পরিচালক (সকল) |

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৬-২০২৪


খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০২৮৯৩৩৩৩৪ (ফোন)
+৮৮০২৮৯৩৩৩৩৬ (ফ্যাক্স)
dg@bpi.gov.bd


**নম্বর:** ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.৬৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
২। উপপরিচালক, সাধারণ প্রশাসন অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৩। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (বাজেট ও হিসাব) অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। বৈজ্ঞানিক কর্মকর্তা, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৬। বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৭। বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৮। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৯। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১০। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এবং
১১। সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।



৩০-০৬-২০২৪
খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উপস্থিতি তালিকা